প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।
ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd

আদায় ও আইন ডিপার্টমেন্ট

সার্কুলার নং- ১৫/২০২৬ তারিখঃ ৩০.০৬.২০২৬

**বিষয়ঃ ঋণ পুনঃতফসিল/পুনর্গঠন সংক্রান্ত পরিপত্র ৩৬/১৬ এবং সার্কুলার ১৩/২০২৫ এর সংশোধনী প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ব্যাংক এর ঋণ পুনঃতফসিলিকরণ পরিপত্র ৩৬/১৬ এবং সার্কুলার ১৩/২০২৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. অত্র ব্যাংকের শ্রেণিকৃত অভিবাসন, পুনর্বাসন ও অন্যান্য ঋণ আদায়/ হ্রাসকরণের লক্ষ্যে ঋণ পুনঃতফসিলিকরণ/পুনর্গঠন সংক্রান্ত বিআরপিডি মাস্টার সার্কুলার নং-১৬/২০২২ ও এতদসংশ্লিষ্ট সার্কুলার/সার্কুলার লেটার এর নির্দেশনা পরিপালনের নিমিত্ত সংশোধিত শর্তাদি পরিচালনা পর্ষদের গত ০৯.০৬.২০২৬ তারিখের ১৪৩তম সভায় অনুমোদিত হয়। যা নিম্নে উল্লেখ করা হলো।

(ক) প্রবাসী কল্যাণ ব্যাংক এর পরিপত্র ৩৬/১৬ তারিখ ১০.০৫.২০১৬ এর অনুচ্ছেদ ০৪. নং এ অনুমোদন ক্ষমতা নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে।

- ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে আবশ্যিকভাবে ঋণ অনুমোদনকারী কর্তৃপক্ষের ন্যূনতম এক ধাপ/স্তর উপরের পর্যায় থেকে অনুমোদিত হতে হবে। পুনঃতফসিলিকরণের বিষয়টি যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক ব্যাংকের প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।
- ঋণ পুনঃতফসিলিকরণ/ পুনর্গঠনের অনুমোদনকারী কর্তৃপক্ষ হবে নিম্নরূপঃ

| ক্রম | ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষ | ঋণ পুনঃতফসিলিকরণ/ পুনর্গঠন অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | শাখা ব্যবস্থাপক | অঞ্চল প্রধান |
| ২. | অঞ্চল প্রধান | উপমহাব্যবস্থাপক (আদায় বিভাগ) |
| ৩. | উপমহাব্যবস্থাপক (ঋণ ও অগ্রিম বিভাগ) | মহাব্যবস্থাপক (আদায় বিভাগ) |
| ৪. | মহাব্যবস্থাপক (ঋণ ও অগ্রিম বিভাগ) | উপব্যবস্থাপনা পরিচালক |
| ৫. | উপব্যবস্থাপনা পরিচালক | ব্যবস্থাপনা পরিচালক |
| ৬. | ব্যবস্থাপনা পরিচালক | পরিচালনা পর্ষদ |

- ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে উক্ত অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক ১ম ও ২য় বার ঋণ পুনঃতফসিলিকরণ করতে পারবেন। তবে পুনর্গঠন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক অথবা এ ব্যাংকের কোন পরিপত্র/সার্কুলার/সার্কুলার লেটার ও অফিস আদেশ জারী করা সাপেক্ষে পুনর্গঠন প্রযোজ্য হবে।
- ৩য় ও ৪র্থ বার ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে আবশ্যিকভাবে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে। এবং মন্দ/ ক্ষতিজনক মানে শ্রেণিকৃত ঋণ কিংবা ৩য় ও ৪র্থ বার পুনঃতফসিলকরণের ক্ষেত্রে প্রকৃত আদায় ব্যতিরেকে পুনঃতফসিলিকৃত ঋণ হিসাবের বিপরীতে প্রভিশন ব্যাংকের আয় খাতে স্থানান্তর করা যাবে না।

৩.০ উল্লেখ্য যে, ৩৬/১৬ তারিখ ১০.০৫.২০১৬ এবং সার্কুলার নং-১৩/২০২৫ তারিখ; ০২.০৬.২০২৫ এ বর্ণিত অন্যান্য শর্তাদি অপরিবর্তীত থাকবে।

৪.০ ঋণ পুনঃতফসিলিকরণ/ পুনর্গঠনের এর ক্ষেত্রে ০৩ জন কর্মকর্তার সমন্বয়ে নিম্নোক্তভাবে ক্রেডিট কমিটি গঠন করতে হবে।

| ক্রম | পদবী | কমিটির পদধারিতা |
|---|---|---|
| ১. | অঞ্চল প্রধান | সভাপতি |
| ২. | শাখা ব্যবস্থাপক (অঞ্চল প্রধানের দপ্তর সংশ্লিষ্ট শাখা) | সদস্য |
| ৩. | অঞ্চলে দায়িত্ব প্রাপ্ত ০১ জন ঋণ কর্মকর্তা (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য-সচিব |

বিঃদ্রঃ যদি অঞ্চল প্রধান ও শাখা ব্যবস্থাপক/শাখা প্রধান একই কর্মকর্তা হন সেক্ষেত্রে শাখা ব্যবস্থাপক/শাখা প্রধান হিসেবে তিনি আঞ্চলিক কার্যালয়ে সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করবেন এবং অঞ্চল প্রধান উক্ত প্রস্তাবটি সুপারিশসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করবেন।

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।
ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd

অত্র কমিটির সভাপতি/সদস্যর বদলীজনিত/ অবসর গ্রহনজনিত/অনুপস্থিতির কারণে তাঁর/তাঁদের স্থলে দায়িত্ব পালনকারী কর্মকর্তা স্বয়ংক্রিয়ভাবে কমিটির দায়িত্বপ্রাপ্ত হবেন। তবে প্রয়োজনে অঞ্চল প্রধান উক্ত কমিটিতে যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবেন।

ঋণ পুনঃতফসিলিকরণ ও পুনর্গঠন সংক্রান্ত বিআরপিডি সার্কুলার লেটার -৩৩ তারিখ ০৩ আগস্ট ২০২২ এর অনুচ্ছেদ ০২ এর (গ) কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- ব্যাংকের ক্রেডিট কমিটি লিখিতভাবে ঋণ পুনঃতফসিলকরণের যথার্থতা সম্পর্কে প্রত্যয়ন করবে।
- পুনঃতফসিলিকরণের ফলে ব্যাংকের দীর্ঘমেয়াদী মুনাফা অর্জন এবং মুলধন পর্যাপ্ততা সংরক্ষণ সহজতর হওয়ার স্বপক্ষে যথাযথ কারণ লিপিবদ্ধকরণসহ যে সকল বিষয়কে বিবেচনায় নিয়ে ঋণের অর্থ আদায় হবে মর্মে ক্রেডিট কমিটির নিকট প্রতীয়মান হয়েছে তা উক্ত প্রত্যয়নপত্রে যথাযথভাবে উল্লেখপূর্বক "ঋণ পুনঃতফসিলিকরণ/ পুনর্গঠনের" নীতি মালার আওতায় প্রাপ্ত প্রস্তাব যাচাই- বাছাই করবে এবং সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষ নিকট প্রস্তাব প্রেরণ করবে।

৪.০ ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে এ সার্কুলার জারি করা হলো, যা ০১ জুলাই ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/

(মোহাঃ মাহবুবুল ইউনুস)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও হিসাব)

নং-৫৩.১৬.২৬৬৬.৯১২.০০০.৩৬.০০১৬.২৬-৫৭(ক) তারিখঃ ৩০.০৬.২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।
২.উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।
৩. মহাব্যবস্থাপক (পরিচালন, আইসিসি ও আইটি) মহোদয়ের একান্ত সচিব (মহাব্যবস্থাপক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।
৪. মহাব্যবস্থাপক (প্রশাসন ও হিসাব) মহোদয়ের একান্ত সচিব (মহাব্যবস্থাপক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।
৫. সকল বিভাগীয় প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক।
৬.সকল অঞ্চল প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক।
৭. সকল শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক।
৮. আইটি বিভাগ, প্রধান কার্যালয়, প্রবাসী কল্যাণ ব্যাংক (ব্যাংকের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য)
৯. অফিস কপি।

৩০.৬.২০২৬
(মোঃ হারুন অর রশীদ)
উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান